**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৭৫/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার, ৭ মার্চ ২০১৮, ২৩ ফাল্গুন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। আজ ঐতিহাসিক ৭ মার্চ

২। জাতির পিতার ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের আবেদন চিরায়ত : প্রধানমন্ত্রী

৩। নৈতিকতাবর্জিত সাফল্য কাম্য নয় : প্রাথমিক শিক্ষা সপ্তাহ উদ্বোধনকালে রাষ্ট্রপতি

৪। বাজার বাড়াতে উন্নত পাটপণ্য তৈরিতে গুরুত্ব দিতে হবে : পাট দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৫। এক লাখ ৫৭ হাজার ৫৯৪ কোটি টাকার সংশোধিত এডিপি অনুমোদন দিয়েছে এনইসি

৬। দ্বিপক্ষীয় বাণিজ্য ও বিনিয়োগ বাড়াতে ভিয়েতনামের প্রেসিডেন্টের আগ্রহ প্রকাশ

৭। বিদেশে কর্মী প্রেরণে সিন্ডিকেট প্রশ্রয় দেওয়া হবে না : প্রবাসীকল্যাণমন্ত্রী

৮। বাংলাদেশি কর্মী নিয়োগের ওপর নিষেধাজ্ঞা আরোপ করেনি কুয়েত : প্রকাশিত সংবাদের প্রতিক্রিয়ায় পররাষ্ট্র প্রতিমন্ত্রী

৯। পোশাকের ন্যায্যমূল্য নিশ্চিতে কূটনীতিকদের উদ্যোগ নেওয়ার আহ্বান জানিয়েছেন শ্রমপ্রতিমন্ত্রী

১০। ইলিশ থেকে তৈরি হচ্ছে স্যুপ ও নুডুলস : সংবাদ সম্মেলনে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী

১১। ইস্কাটনে নারী উন্নয়ন মেলার উদ্বোধন করলেন মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

১২। মুক্তিযোদ্ধা ফেরদৌসী প্রিয়ভাষিণীর ইন্তেকাল : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক

চলমান পাতা-২

১। **আজ ঐতিহাসিক ৭ মার্চ**

বাঙালি জাতির স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধের ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা অবিস্মরণীয় গৌরবের এক অনন্য দিন ৭ মার্চ। সুদীর্ঘকালের আপসহীন আন্দোলনের এক পর্যায়ে **১৯৭১** সালের এ দিনে ঐতিহাসিক রেসকোর্স ময়দানে (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যান) বাঙালি জাতির অবিসংবাদিত নেতা, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এক উত্তাল জনসমুদ্রে বাংলাদেশের স্বাধীনতার ডাক দিয়েছিলেন। 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম আমাদের স্বাধীনতার সংগ্রাম' বঙ্গবন্ধুর এই তেজোদ্দীপ্ত ঘোষণাই ছিল প্রকৃতপক্ষে আমাদের স্বাধীনতার ভিত্তি। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণকে বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য হিসেবে গত বছরের অক্টোবরে জাতিসংঘের শিক্ষা বিজ্ঞান ও সংস্কৃতি বিষয়ক সংস্থা ইউনেস্কো স্বীকৃতি দিয়েছে। রাষ্ট্রীয়ভাবে আজকের দিনটি যথাযোগ্য মর্যাদায় পালন করা হবে। বিভিন্ন রাজনৈতিক দল ও সংগঠন ৭ মার্চ উপলক্ষে বিভিন্ন কর্মসূচি হাতে নিয়েছে।

ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। রাষ্ট্রপতি তাঁর বাণীতে বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ কেবল আমাদের নয়, বিশ্ববাসীর জন্য প্রেরণার চিরন্তন উৎস হয়ে থাকবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর বাণীতে বলেন, জাতির পিতার ঐতিহাসিক ৭ মার্চের ভাষণকে বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য হিসেবে ইউনেস্কোর স্বীকৃতির মাধ্যমে মুক্তিযুদ্ধের অসাম্প্রদায়িক চেতনা ও গণতান্ত্রিক মূল্যবোধকেই স্বীকৃতি দেওয়া হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

২। **জাতির পিতার ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের আবেদন চিরায়ত : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জাতির পিতার ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের আবেদন চিরদিনের এবং তা কখনও শেষ হবার নয়। কারণ এর মধ্য দিয়েই মুক্তিকামী বাঙালির আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটেছিল। প্রধানমন্ত্রী বলেন, 'এ ভাষণের আবেদন এখনও মুছে যায়নি'। গতকাল (৬ মার্চ মঙ্গলবার) তাঁর সরকারি বাসভবন গণভবনে জাতির পিতার ঐতিহাসিক ৭ মার্চের ভাষণকে ইউনেস্কো'র বিশ্ব ঐতিহ্য হিসেবে অন্তর্ভুক্তিতে ইউনেস্কো প্রদত্ত সনদ হস্তান্তর অনুষ্ঠানে তিনি একথা বলেন। ৫টি সংস্থা এবং প্রতিষ্ঠানের প্রধানগণের হাতে প্রধানমন্ত্রী ইউনেস্কোর স্বীকৃতি সনদ তুলে দেন। প্রতিষ্ঠানগুলো হচ্ছে-মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়াধীন বাংলাদেশ মুক্তিযুদ্ধ জাদুঘর, তথ্য মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ চলচ্চিত্র ও প্রকাশনা অধিদফতর, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, বাংলাদেশ বেতার এবং আইসিটি মন্ত্রণালয়াধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **নিউ এজ** (পৃ.১,ক.৭)।

৩। **নৈতিকতাবর্জিত সাফল্য কাম্য নয় : প্রাথমিক শিক্ষা সপ্তাহ উদ্বোধনকালে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, প্রতিটি মা বাবাই তাঁদের সন্তানের সাফল্য চান। কিন্তু নৈতিকতাবর্জিত সাফল্য কোনোভাবেই কাম্য নয়। সাম্প্রতিক সময়ে প্রশ্নপত্র ফাঁসের অভিযোগের সঙ্গে শিক্ষক, ছাত্র ও অভিভাবকদের সংশ্লিষ্টতা নিয়ে গণমাধ্যমের প্রতিবেদনের কথা উল্লেখ করে তিনি একথা বলেন। গতকাল (৬ মার্চ মঙ্গলবার) ঢাকার ওসমানী স্মৃতি মিলনায়তনে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহের উদ্বোধন অনুষ্ঠানে রাষ্ট্রপতি এসব কথা বলেন। তিনি শিক্ষার্থীদের অনৈতিক কর্মকাণ্ড থেকে দূরে রাখতে এবং তাদের সুশিক্ষিত করে গড়ে তুলতে অভিভাবক ও শিক্ষকদের তৎপর হওয়ার আহ্বান জানান। এছাড়া তিনি অভিভাবক ও শিক্ষকদের প্রতি ছেলেমেয়েদের সঙ্গে বন্ধুসুলভ আচরণ করার ওপর গুরুত্বারোপ করেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৪। **বাজার বাড়াতে উন্নত পাটপণ্য তৈরিতে গুরুত্ব দিতে হবে : পাট দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা পুরো পাট খাতের যান্ত্রিকীকরণের ওপর গুরুত্বারোপ করে দেশের সরকারি খাতের পাটকলগুলোকে লাভজনক করে তুলতে আন্তরিকভাবে কাজ করতে সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন। তিনি বলেন, 'যেহেতু পাটের বাজার এখন উন্মুক্ত, আমরা রপ্তানি করতে পারছি, আমরা যতই উন্নতমানের পাট পণ্য তৈরি করতে পারব-ততই আমাদের বাজার বৃদ্ধি পাবে'। প্রধানমন্ত্রী বলেন, 'আমরা পাটকে আরও আধুনিকীকরণের মাধ্যমে পাট উৎপাদন, পাট সংগ্রহ, পাট সংরক্ষণ করার ব্যবস্থা করেছি।'

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (৬ মার্চ মঙ্গলবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে জাতীয় পাট দিবস-২০১৮ উপলক্ষে তিন দিনব্যাপী পাটপণ্য মেলার উদ্বোধনকালে প্রধান অতিথির ভাষণে একথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৮)।

**৫। এক লাখ ৫৭ হাজার ৫৯৪ কোটি টাকার সংশোধিত এডিপি অনুমোদন দিয়েছে এনইসি**

এক লাখ ৫৭ হাজার ৫৯৪ কোটি ৩৯ লাখ টাকার সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি)। চলতি অর্থবছরের শুরুতেই এডিপির আকার ছিল ১ লাখ ৬৪ হাজার ৮৪ কোটি ৮৩ লাখ টাকা। এক্ষেত্রে মূল এডিপি থেকে কমে গেছে ৬ হাজার ৪৯০ কোটি টাকা। সংশোধিত এডিপিতে বৈদেশিক সহায়তা এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের নিজস্ব অর্থায়ন থেকে বরাদ্দ কমেছে। কিন্তু সরকারের নিজস্ব অর্থায়ন থেকে বরাদ্দ অপরিবর্তিত রাখা হয়েছে। অন্যদিকে বেড়েছে প্রকল্পের সংখ্যা। মূল এডিপিতে প্রকল্প ছিল এক হাজার ৩০৮টি। কিন্তু সংশোধিত এডিপিতে এসে মোট প্রকল্প সংখ্যা দাঁড়িয়েছে এক হাজার ৬৫৮টিতে। গতকাল (৬ মার্চ মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলনকক্ষে প্রধানমন্ত্রী ও এনইসি চেয়ারপারসন প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে সংশোধিত এডিপির অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.৪)।

**৬। দ্বিপক্ষীয় বাণিজ্য ও বিনিয়োগ বাড়াতে ভিয়েতনামের প্রেসিডেন্টের আগ্রহ প্রকাশ**

ভিয়েতনামের রাষ্ট্রপতি ত্রান দাই কুয়াং বাংলাদেশের সঙ্গে অর্থনৈতিক সহযোগিতা এবং দ্বিপক্ষীয় বাণিজ্য-বিনিয়োগ বাড়ানোর আগ্রহ প্রকাশ করেছেন। তিনি বলেন, বাংলাদেশের ইকোনমিক জোনগুলো এবং কর কাঠামো বিনিয়োগের জন্য সহায়ক। বিদ্যুৎ, গ্যাস, টেলিকম, কৃষিপণ্য, খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প, অবকাঠামো ও তথ্যপ্রযুক্তি খাতে বিনিয়োগে আগ্রহী ভিয়েতনাম। এ সময় তিনি চলতি বছর দ্বিপক্ষীয় বাণিজ্য এক বিলিয়ন ডলার ও আগামী ২০২০ সালের মধ্যে তা ২ বিলিয়ন ডলারে উন্নীত করার প্রত্যাশা ব্যক্ত করেন। গতকাল (৬ মার্চ মঙ্গলবার) রাজধানীর হোটেল সোনারগাঁয়ে অনুষ্ঠিত 'ভিয়েতনাম-বাংলাদেশ বিজনেস ফোরাম' এ মূল প্রবন্ধ উপস্থাপনকালে তিনি এসব কথা বলেন। ভিয়েতনামের রাষ্ট্রপতি ফোরামে সেদেশের ৫০টি বাণিজ্য প্রতিষ্ঠানের নেতৃত্ব দেন। অনুষ্ঠানে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ উপস্থিত ছিলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**৭। বিদেশে কর্মী প্রেরণে সিন্ডিকেট প্রশ্রয় দেওয়া হবে না : প্রবাসীকল্যাণমন্ত্রী**

প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী নুরুল ইসলাম বিএসসি বলেছেন, বিদেশে কর্মী প্রেরণে কোনো সিন্ডিকেটকে প্রশ্রয় দেওয়া হবে না। দুষ্টচক্রের হাত থেকে অভিবাসন প্রক্রিয়াকে মুক্ত করতে হবে। অভিবাসন প্রক্রিয়াকে আরও অধিকতর সহজ, নিরাপদ, স্বচ্ছ, টেকসই করাসহ অভিবাসন ব্যয় কমিয়ে অভিবাসী কর্মীদের কল্যাণে নিরলস কাজ করছে সরকার। গতকাল (৬ মার্চ মঙ্গলবার) রাজধানীর একটি হোটেলে জার্নালিস্ট ফোরাম অন মাইগ্রেশন আয়োজিত 'বিশ্ব শ্রমবাজার ও বাংলাদেশ প্রেক্ষাপট' শীর্ষক সংলাপে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৪), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৬)।

**৮। বাংলাদেশি কর্মী নিয়োগের ওপর নিষেধাজ্ঞা আরোপ করেনি কুয়েত :**
**প্রকাশিত সংবাদের প্রতিক্রিয়ায় পররাষ্ট্র প্রতিমন্ত্রী**

বাংলাদেশ থেকে কর্মী নিয়োগের ওপর কুয়েত নিষেধাজ্ঞা আরোপ করেছে বলে দেশের গণমাধ্যমে যে খবর বেরিয়েছে, সেটাকে ভুল বলে আখ্যা দিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম। তিনি গতকাল (৬ মার্চ মঙ্গলবার) কুয়েত থেকে বলেন, বিদেশি গণমাধ্যমে প্রকাশিত আংশিক তথ্যের ভিত্তিতে এ ভুল রিপোর্ট করা হয়েছে। তিনি বলেন, কর্মীদের একটা অংশের ভিসা-২০ (খাদিম ভিসা) ক্যাটাগরির নিয়ম লঙ্ঘন করা হয়েছে এবং একটি পরিবারের বিপরীতে একাধিক ব্যক্তিকে কুয়েতে আনা হয়েছে। এ জন্য পরবর্তী ঘোষণা না দেওয়া পর্যন্ত বিশেষ এ ক্যাটাগরিতে কর্মী নিয়োগ নিষিদ্ধ থাকবে। তবে অন্য ক্যাটাগরিতে বাংলাদেশিদের জন্য ভিসা দেওয়া উন্মুক্ত থাকবে। সূত্র-**প্রথম আলো** (পৃ.৩,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

**৯। পোশাকের ন্যায্যমূল্য নিশ্চিতে কূটনীতিকদের উদ্যোগ নেওয়ার আহ্বান জানিয়েছেন শ্রমপ্রতিমন্ত্রী**

গার্মেন্টস পণ্যের ন্যায্যমূল্য নিশ্চিত করার জন্য ক্রেতা দেশের কূটনীতিকদের উদ্যোগ নেওয়ার আহ্বান জানিয়েছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মুজিবুল হক চুন্নু। তিনি কূটনীতিকদের বলেন, নিজ দেশের সরকার ও

ব্র্যান্ডদের প্রতি এ বার্তা পৌঁছে দেন যে, বাংলাদেশ শ্রমিকের নিরাপত্তা নিশ্চিতসহ বিভিন্ন উদ্যোগ নিচ্ছে, যাতে প্রতিযোগিতামূলক বাজারের কথা বলে পোশাকের মূল্য কম না দেয়। পোশাকের ন্যায্যমূল্য পেতে নিজ নিজ দেশের সরকার ও ব্র্যান্ডদের সঙ্গে আলোচনা করুন, যাতে আমরাও শ্রমিকের মজুরি সম্মানজনকভাবে বাড়াতে পারি। গতকাল (৬ মার্চ মঙ্গলবার) রাজধানীর গুলশানের একটি হোটেলে এক অনুষ্ঠানে তিনি বিভিন্ন দেশের কূটনীতিকদের উদ্দেশ্যে এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **বণিক বার্তা** (পৃ.১২,ক.১)।

**১০। ইলিশ থেকে তৈরি হচ্ছে স্যুপ ও নুডুলস : সংবাদ সম্মেলনে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী**

জাতীয় মাছ ইলিশ দিয়ে তৈরি হচ্ছে স্যুপ ও নুডুলস। মৎস্য অধিদপ্তর ও ওয়ার্ল্ড ফিস বাংলাদেশের যৌথ উদ্যোগে ইকোফিস প্রকল্পের আওতায় ইলিশের এ স্যুপ ও নুডুলস তৈরির প্রযুক্তি উদ্ভাবন করেছেন অধ্যাপক ড. এ কে এম নওশাদ আলম। গতকাল (৬ মার্চ মঙ্গলবার) রাজধানীর মৎস্য ভবনে এ উপলক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ বলেন, আমাদের দেশের ইলিশের জগৎজোড়া খ্যাতি রয়েছে। অনেকেই এর স্বাদ নিতে চান কিন্তু অতিরিক্ত কাঁটার কারণে স্বাদ নিতে পারেন না। এবার স্যুপ ও নুডুলস তৈরি হওয়ায় সহজেই ইলিশের স্বাদ নেওয়া সম্ভব হবে। তিনি জানান, তৈরি স্যুপ ও নুডুলস এ ইলিশের পুষ্টিমান ঠিক থাকবে। ওমেগা-৩ ফ্যাটি এসিড থাকার কারণে সব বয়সের মানুষ ইলিশের স্যুপ ও নুডুলস খেতে পারবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **প্রথম আলো** (পৃ.৭,ক.৫)।

**১১। ইস্কাটনে নারী উন্নয়ন মেলার উদ্বোধন করলেন মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী**

নারী উদ্যোক্তাদের তৈরি করা পণ্যের প্রচার-প্রসারের লক্ষ্যে রাজধানীতে শুরু হয়েছে তিন দিনব্যাপী নারী উন্নয়ন মেলা। 'আন্তর্জাতিক নারী দিবস ২০১৮' উদ্‌যাপন উপলক্ষ্যে এ মেলার আয়োজন করেছে মহিলাবিষয়ক অধিদপ্তর। ইস্কাটনে মহিলাবিষয়ক অধিদপ্তর প্রাঙ্গণে অনুষ্ঠিত এ মেলায় ২৯ জন নারী উদ্যোক্তা অংশ নিচ্ছেন। গতকাল (৬ মার্চ মঙ্গলবার) মেলাটির উদ্বোধন করেন মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.২), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** ( পৃ.২,ক.১)।

**১২। মুক্তিযোদ্ধা ফেরদৌসী প্রিয়ভাষিণীর ইন্তেকাল : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক**

মুক্তিযোদ্ধা, অধিকারকর্মী ও ভাস্কর ফেরদৌসী প্রিয়ভাষিণী ইন্তেকাল করেছেন। (ইন্না লিল্লাহি... রাজিউন)। কিডনি ও হৃদরোগের জটিলতা নিয়ে ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গতকাল (৬ মার্চ মঙ্গলবার) তিনি ইন্তেকাল করেছেন। দেশের সর্বোচ্চ বেসামরিক সম্মান স্বাধীনতা পুরস্কারে ভূষিত এ মুক্তিযোদ্ধার বয়স হয়েছিল ৭১ বছর। তাঁর ইন্তেকালে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা গভীর শোক প্রকাশ করেছেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৬)।

## সম্পাদকীয়

ক. **সমকাল, যুগান্তর :** ঢাকা সফরে এসে ভিয়েতনামের প্রেসিডেন্ট ত্রান দাই কুয়াং রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানে বাংলাদেশের পাশে থাকার যে আশ্বাস দিয়েছেন তাতে সাধুবাদ জানিয়ে দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলো এ ইস্যুতে পাশে থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **সংবাদ :** শিশু শিক্ষার্থীদের কাঁধ থেকে বইয়ের বাড়তি ভারি বোঝা কমাতে স্কুলগুলো আদালতের নির্দেশনা যথাযথভাবে পালন করছে না উল্লেখ করে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **ইনকিলাব :** যত্রতত্র রাস্তা খোঁড়াখুঁড়ি রাজধানীর যানজটের অন্যতম কারণ উল্লেখ করে জনদুর্ভোগ বিবেচনায় নিয়ে এসব উন্নয়ন প্রকল্প নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **যায়যায়দিন :** বাংলাদেশে সাম্প্রতিক এক গবেষণায় তৈরিপোশাক কারখানার ৮০ শতাংশের বেশি নারী শ্রমিক বিভিন্ন ধরনের মানসিক নিপীড়নের শিকার হয় এ তথ্য প্রকাশিত হয়েছে পোশাক কারখানার নিরাপদ কর্মপরিবেশ সৃষ্টির ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** ঢাকা-খুলনা, যশোর-খুলনা ও ঢাকা-বরিশাল রুটের মহাসড়কগুলোর ভগ্নদশা তুলে ধরে সংশ্লিষ্ট সংস্থাকে সড়ক-মহাসড়কে নিরাপদ চলাচল নিশ্চিতকরণে দ্রুত পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ডেইলি সান :** রাজধানীর আবাসিক এলাকাগুলো ক্রমান্বয়ে বিভিন্নভাবে বাণিজ্যিক এলাকায় পরিণত হয়ে পড়ায় আবাসিক এলাকা থেকে সব বাণিজ্যিক প্রতিষ্ঠান সরিয়ে নিতে জোরদার কৌশলগত পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ছ. **ডেইলি স্টার, নিউজ টুডে :** পাটপণ্যের রপ্তানি বাজার সম্প্রসারণ করাসহ দেশীয় **১৭** পণ্যের প্যাকেজিংয়ে পাটের ব্যবহার বাধ্যতামূলক করার আইন কঠোরভাবে প্রয়োগের প্রত্যাশা।

জ. **নিউ এজ :** আসন্ন বর্ষা মৌসুমের আগেই চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রামে ঝুঁকিপূর্ণ পাহাড়ের পাদদেশে বসবাসরত লোকদের নিরাপদ আশ্রয়ে সরিয়ে নিতে নগর কর্তৃপক্ষকে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**বণিক বার্তা** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দুর্নীতিমুক্ত সমাজ ও প্রশাসন গঠন করতে পারলে দেশের উন্নয়ন আরও বেগবান হবে।

## নিবন্ধ ও ফিচার

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **'বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ কেন বিশ্ব ঐতিহ্য সম্পদ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ এখন আর শুধু বাঙালির নয়, বিশ্ব মানবতার জন্যও অবিস্মরণীয়, অনুকরণীয় এক মহামূল্যবান দলিল।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা